দৈনিক সংবাদ

তারিখ 24 JUL 1996
পৃষ্ঠা ১২ কলাম ৬

এসএসসি ফল বিপর্যয়

# প্রধানমন্ত্রীর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন অভিভাবকরা

(নিজস্ব বার্তা পরিবেশক)

এসএসসি পরীক্ষার ফল বিপর্যয় প্রতিকারে অভিভাবক সমন্বয় কমিটির নেতৃবৃন্দ ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের ব্যাপারে প্রধানমন্ত্রী ইতিবাচক সিদ্ধান্ত নেয়ায় তাকে ধন্যবাদজানিয়েছেন।

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ এ ধন্যবাদ জানান। সাংবাদিক সম্মেলনে তারা আবেগাপ্লুত কণ্ঠে বলেন, বোর্ডের ভুলের জন্যে ভবিষ্যতে যেন আর কোন অভিভাবককে দরজায় দরজায় ধরনা দিতে না হয়, শিক্ষা বোর্ডের কর্তৃপক্ষের কাছে গিয়ে সুপারিশ করতে না হয়।

সাংবাদিক সম্মেলনে সেট কোডজনিত সমস্যা সমাধানে ৩টি সুপারিশনামা পেশ করা হয়। সুপারিশগুলো হচ্ছে ঃ সেট কোডজনিত ভুলের খাতাগুলো পরীক্ষক দ্বারা পুনর্মূল্যায়ন করে প্রাপ্ত নম্বর ভিত্তিতে ফলাফল প্রকাশ;

শিক্ষা বোর্ডের প্রচলিত নিয়ম অনুযায়ী অন্যান্য নৈর্ব্যক্তিক বিষয়ে গড় নম্বরের ভিত্তিতে ফলাফল প্রকাশ এবং নৈর্ব্যক্তিক বিষয়ের ৪টি সেট নম্বর উত্তরপত্রে কম্পিউটারের মাধ্যমে চিহ্নিত করে দেয়া।

সাংবাদিক সম্মেলনে গতকাল লিখিত বক্তব্য পাঠ করেন অভিভাবক সমন্বয় কমিটির আহ্বায়ক হামিদ উদ্দিন আহমেদ, ডঃ আলী আজম, অধ্যাপিকা হোসনে আরা, আমীর হোসেন, অধ্যাপক আবদুস সালাম প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, প্রধানমন্ত্রীর নির্দেশ ২৫ তারিখের মধ্যে বাস্তবায়ন না করা হলে ২৮শে জুলাই প্রেসক্লাবের সামনে থেকে আন্দোলনের কর্মসূচি দেয়া হবে।